



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

[www.dhakaeducationboard.gov.bd](http://www.dhakaeducationboard.gov.bd)

## জরুরী বিজ্ঞপ্তি

নং-ঢাশিবো/বি/২১০/রেজি/৬৬৬৪

তারিখ:- ২৯/০৭/২৪

বিষয়: ২০২৩ সালে ৮ম শ্রেণীতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তথ্য সংশোধন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা-কর্তৃক অনুমোদিত সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে জানানো যাচ্ছে যে, ২০২৩ সালে ৮ম শ্রেণীতে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের তথ্য সম্বলিত রোল নম্বর সহ অনলাইনে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্যানেলে আপলোড করা হয়েছে। উক্ত রেজিস্ট্রেশনের বিপরীতে রোল নম্বর প্রিন্ট করে প্রতিটি শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের সাথে সম্পর্কিত সকল তথ্য শিক্ষার্থী ও অভিভাবক কর্তৃক অবশ্যই যাচাই করতে হবে। যাচাই অন্তে, সংশোধনের প্রয়োজন হলে, সংশোধনের পক্ষে প্রামাণ্য কাগজপত্র সহ বোর্ড নির্ধারিত সংশোধনী ফরম যথাযথভাবে পূরন করে, বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ১৫(পনের) দিনের মধ্যে বোর্ডের বিদ্যালয় শাখায় জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, বোর্ড নির্ধারিত সংশোধনী ফরম পূরনের সময় শিক্ষার্থীকে অবশ্যই তার রেজি: ও রোল নম্বর উল্লেখ করতে হবে। আরও উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর ৮ম/২০২৩ রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীদের সংশোধনের বিষয়ে আর কোন সুযোগ প্রদান করা হবে না।

বিষয়টি জরুরী বিধায় সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঁঞা  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা

প্রাপক: অধ্যক্ষ/প্রধান শিক্ষক

বোর্ডের আওতাধীন অনুমোদিত সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান

মেমো সং- ৬৬৬৪(৭)

তারিখ:- ২৯/০৭/২৪

অবগতির জন্য অনুলিপি প্রেরন করা হলো ( জৈষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য)
- ৫। জেলা শিক্ষা অফিসার, সংশ্লিষ্ট জেলা
- ৬। পি এস টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা
- ৭। অফিস কপি।

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা

২৯/০৭/২০২৪